ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রারের কার্যালয়
www.iau.edu.bd
বাড়ি নং-১২৪/৯০/৩ ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

স্মারক নং-ইআবি/একা-৩৯/কা.ভর্তি/২০১৭/০০০৭৮-৩ তারিখঃ ১২ জ্যৈষ্ঠ ১৪৩২ বাং
২৬ মে ২০২৫ ইং

## ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে (কামিল স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি শ্রেণিতে ১ম পর্বে ভর্তি বিজ্ঞপ্তি

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে অধীনে কামিল স্নাতকোত্তর প্রাথমিক পাঠদানের অনুমতিপ্রাপ্ত ও অধিভুক্ত মাদরাসাসমূহের অধ্যক্ষগণসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি শ্রেণিতে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীরা নিম্নোল্লেখিত ভর্তির যোগ্যতার নির্ধারিত শর্ত পূরণ সাপেক্ষে সংশ্লিষ্ট মাদরাসাসমূহে ভর্তি হতে পারবে।

১। ভর্তির যোগ্যতা ঃ

(ক) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে ফাজিল স্নাতক (পাস) ৩য় বর্ষ চূড়ান্ত পরীক্ষা- ২০২২ ও ২০২৩- এ নিয়মিত পরীক্ষার্থী হিসেবে উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে কামিল স্নাতকোত্তর (২ বছর মেয়াদী) শ্রেণিতে ১ম পর্বে ভর্তি হতে পারবে।

(খ) ফাজিল স্নাতক (অনার্স) ও কামিল স্নাতকোত্তর (১ বছর মেয়াদী) ডিগ্রি অর্জনকারী একজন শিক্ষার্থী পরবর্তীতে নিয়মিত শিক্ষার্থী হিসাবে কামিল স্নাতকোত্তর (২ বছর মেয়াদী) ডিগ্রি অর্জন করতে পারবে।

(গ) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে কামিল স্নাতকোত্তর (২ বছর মেয়াদী) চূড়ান্ত পরীক্ষা-২০২১ ও ২০২২ এ নিয়মিত পরীক্ষার্থী হিসেবে উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি শ্রেণিতে ১ম পর্বে অন্য যে কোন বিষয়ে নিয়মিত শিক্ষার্থী হিসেবে ভর্তি হয়ে রেজিস্ট্রেশন করতে পারবে।

২। ভর্তি কার্যক্রম সম্পন্নের নিমিত্তে গঠিত কমিটিঃ

প্রতিটি মাদরাসায় নিম্নরূপে গঠিত একটি কমিটি ভর্তি কার্যক্রম সম্পন্ন করবেঃ

| | | |
|---|---|---|
| ১ | অধ্যক্ষ | আহবায়ক |
| ২ | একজন শিক্ষক প্রতিনিধি<br>(গভর্নিং বডি/এডহক কমিটির সদস্য, তবে সরকারী মাদরাসার ক্ষেত্রে সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ কর্তৃক মনোনীত একজন শিক্ষক) | সদস্য |
| ৩ | সহকারী অধ্যাপক/সমপর্যায়ের একজন শিক্ষক (অধ্যক্ষ কর্তৃক মনোনীত) | সদস্য |

৩। ভর্তি সংক্রান্ত সময়সূচীঃ

(ক) বিলম্ব ফি' ছাড়া সংশ্লিষ্ট মাদরাসায় ভর্তিঃ ২৮/০৫/২০২৫খ্রি. হতে ১০/০৭/২০২৫ খ্রি.

(খ) বিলম্ব ফি' ছাড়া ভর্তিকৃত শিক্ষার্থীদের হতে আদায়কৃত ফি' ১৩/০৭/২০২৫ খ্রি. হতে ১৬/০৭/২০২৫খ্রি. এর মধ্যে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট হতে পেমেন্ট স্লিপ ডাউনলোডপূর্বক পেমেন্ট স্লিপে উল্লেখিত তারিখের মধ্যে অগ্রণী ব্যাংকের যেকোনো শাখায় জমা প্রদান করতে হবে ।

(গ) বিলম্ব ফি' সহ ভর্তি ১৩/০৭/২০২৫ খ্রি. হতে ২৭/০৭/২০২৫ খ্রি.

(ঘ) বিলম্ব ফি' সহ ভর্তিকৃত শিক্ষার্থীদের হতে আদায়কৃত ফি' ২৮/০৭/২০২৫ খ্রি. হতে ৩০/০৭/২০২৫খ্রি. এর মধ্যে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট হতে পেমেন্ট স্লিপ ডাউনলোডপূর্বক পেমেন্ট স্লিপে উল্লেখিত তারিখের মধ্যে অগ্রণী ব্যাংকের যেকোনো শাখায় জমা প্রদান করতে হবে।

(ঙ) অনলাইন রেজিস্ট্রেশনঃ ভর্তিকৃত শিক্ষার্থীদের ০৩/০৮/২০২৫ খ্রি. হতে ১০/০৮/২০২৫ খ্রি. এর মধ্যে অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন করে ১১/০৮/২০২৫ খ্রি. হতে ১৪/০৮/২০২৫ খ্রি. এর মধ্যে **Final Submit** দিতে হবে।

৪। সাধারণ শর্তাবলীঃ

(ক) ফাজিল স্নাতক (পাস ও অনার্স) এবং কামিল স্নাতকোত্তর (১ বছর মেয়াদী ও ২ বছর মেয়াদী) প্রযোজ্য ক্ষেত্রে পাশের নম্বরপত্র ও অধ্যক্ষ কতৃক ইস্যুকৃত প্রশংসাপত্রের মূল কপি সংরক্ষণ না করে কোনক্রমেই শিক্ষার্থী ভর্তি করা যাবে না। তবে ফাজিল স্নাতক (পাস) ৩য় বর্ষ চূড়ান্ত পরীক্ষা-২০২৩ এ উত্তীর্ণ শিক্ষার্থীদের টেবুলেশন শীটের (সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ কতৃক সত্যায়িত) কপি দিয়ে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি শ্রেণিতে ১ম পর্বে ভর্তি করা যাবে। পরবর্তীতে যখন উক্ত পরীক্ষার পাসের নম্বরপত্র পাওয়া যাবে তা সংশ্লিষ্ট মাদরাসাকে অবশ্যই সংরক্ষণ করতে হবে।

(খ) নির্ধারিত আবেদন ফরমে স্বাক্ষর নিয়ে শিক্ষার্থীদের ভর্তি করতে হবে। শিক্ষার্থী অথবা অভিভাবকের সম্মতি ব্যতীত কোন শিক্ষার্থীকে ভর্তি করা যাবে না। ভর্তি ফরমে প্রত্যেক শিক্ষার্থীর নিকট থেকে এ মর্মে একটি অঙ্গীকারনামা নিতে হবে যে, "আমি ভালভাবে বুঝে শুনেই এই মাদরাসায় ভর্তি হতে ইচ্ছুক। ভর্তি হওয়ার পর কোন অবস্থাতেই এই মাদরাসা পরিবর্তন করে অন্য কোন প্রতিষ্ঠানে ভর্তির জন্য আবেদন করবো না"।

(গ) ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে কামিল স্নাতকোত্তর (২ বছর মেয়াদী) শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের প্রত্যেকের সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২(দুই) কপি (টুপি/ওড়না পরিহিত) রঙিন ছবি অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত করে মাদরাসায় সংরক্ষণ করতে হবে।

৫। (ক) কামিল স্নাতকোত্তর শ্রেণির শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফি' সহ অন্যান্য ফি'-এর হার (শিক্ষার্থী প্রতি):

| নির্ধারিত সময় | আবেদন ফি' | রেজিঃ ফি' | ভর্তি ফি' | ক্রীড়া ফি' | রোভার স্কাউটস ফি | বি.এন.সি.সি ফি |
|---|---|---|---|---|---|---|
| বিলম্ব ফি' ছাড়া | ৩০০/- | ৩০০/- | ৪০০/- | ৫০/- | ১০/- | ৫/- |
| বিলম্ব ফি' সহ | ৩০০/- | ৪০০/- | ৫০০/- | ৫০/- | ১০/- | ৫/- |

খ) মাদরাসা কর্তৃপক্ষ সংশ্লিষ্ট শিক্ষার্থীদের নিকট থেকে আদায়কৃত ফি' হতে আবেদন ফি' বাবদ ২০০/(দুইশত) টাকা এবং ভর্তি ফি', বিলম্ব ভর্তি ফি' ও ক্রীড়া ফি' বাবদ আদায়কৃত অর্থের ৫০% অর্থসহ অন্যান্য ফি' বাবদ {প্রতি শিক্ষার্থীর বিলম্ব ফি' ছাড়া ৭৪০/- (সাতশত চল্লিশ) টাকা এবং বিলম্ব ফি' সহ ৮৯০/- (আটশত নব্বই) টাকা হারে} নিম্নলিখিত নিয়মাবলী অনুসরণ করে **"অগ্রণী ব্যাংক লিঃ"** এর যে কোন শাখায় জমা দেয়া যাবে **(এজেন্ট ব্যাংকিং এ জমা না দেওয়ার অনুরোধ করা হলো)**।

(গ) ফি-জমা দেয়ার নিয়মাবলী ঃ

| | | |
|---|---|---|
| প্রথম ধাপ | : | **iau.edu.bd/Payment** তে প্রবেশ করুন। |
| দ্বিতীয় ধাপ | : | **EIIN** ও **Password** দিয়ে **Login** করুন। |
| তৃতীয় ধাপ | : | **Admission & Registration Fee** তে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য পূরণপূর্বক **Save** এ ক্লিক করুন। |
| চতুর্থ ধাপ | : | **Payslip Download** করে ব্যাংকে টাকা জমা দিন। (Payslip Download করতে কোন সমস্যা হলে **০১৭১৮৯৫৫৫৯৬** নাম্বারে যোগাযোগ করুন) |

৬। **অনলাইন ব্যাংকিং-এর মাধ্যমে ফি' জমার রশিদ ও eSIF লিস্ট সহ আনুষাঙ্গিক কাগজপত্র বিশ্ববিদ্যালয়ে জমা দেয়া সংক্রান্ত তথ্য:** সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ/অধ্যক্ষ কর্তৃক মনোনীত প্রতিনিধিকে রেজিস্ট্রেশন সম্পন্নের পরবর্তী **৭ (সাত)** কর্মদিবসের মধ্যে অফিস চলাকালীন সময়ে **Payslip** এর মূল রশিদ ও ২ কপি eSIF লিস্টসহ আনুষঙ্গিক কাগজপত্র সরাসরি/ ডাকযোগে/ কুরিয়ার সার্ভিসের মাধ্যমে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের বছিলা, মোহাম্মদপুরস্থ অস্থায়ী কার্যালয়ের একাডেমিক শাখায় জমা দিতে হবে।

৭। ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে কামিল স্নাতকোত্তর শ্রেণিতে ১ম পর্বে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাশ ১৩/০৭/২০২৫খ্রি. তারিখ থেকে শুরু হবে।

| যোগাযোগের জন্য |
|---|
| ০১৭১৯-৫০৭১২৩ (একাডেমিক শাখা) |
| ০১৭০৯৩৮৯০০৭ (আই.সি.টি শাখা) |
| ০১৭১৮-৯৫৫৫৯৬ (অর্থ ও হিসাব দপ্তর) |

ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

২৯/০৬/২৫

(মো: আইউব হোসেন)
রেজিস্ট্রার
মোবাইল নং- ০১৭০৫-৪০৮০০১
E-mail : iau.registr@gmail.com